

India and Bhutan sign MoU for developing cooperation in the areas of Environment

June 18, 2021

পরিবেশের বিভিন্ন দিক নিয়ে সহযোগিতা বিকাশের জন্য ভারত এবং ভুটানের মধ্যে মৌ স্বাক্ষরিত হয়েছে

জুন ১৮, ২০২১

পরিবেশের ক্ষেত্রে সহযোগিতার উল্লেখিতকল্পে ভারত এবং ভুটান এই দুই দেশ আজকে ভার্চুয়ালি মৌ স্বাক্ষর করেছে। ভারতের পক্ষ থেকে পরিবেশ, বন এবং আবহাওয়া পরিবর্তন বিষয়ক মন্ত্রী মাননীয় প্রকাশ জাভেরকর এবং ভুটানের পক্ষ থেকে পররাষ্ট্র মন্ত্রী এবং জাতীয় পরিবেশ কমিশন লায়োনপো-র সভাপতি ডক্টর টানরি দোরজি এই মৌ স্বাক্ষর করেন।

এই উপলক্ষে শ্রী প্রকাশ জাভেরকর বলেন যে এই মৌ আবহাওয়া পরিবর্তন, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতার এক নতুন সম্ভবনার দ্বার উন্মোচন করবে। দুই দেশের সম্পর্ককে উদাহরণস্বরূপ বলে বর্ণনা করে তিনি বলেন যে ভারত আবহাওয়া পরিবর্তন সহ পরিবেশগত বিভিন্ন বিষয় নিয়ে ভুটানের সাথে একযোগে কাজ করতে চায়।

এই মৌ হচ্ছে একটি মঞ্চ যা বায়ু দূষণ নিবারণ, বর্জ্য ব্যবস্থাপনা, রসায়নিক ব্যবস্থাপনা, আবহাওয়া পরিবর্তন ইত্যাদি বিভিন্ন দিক নিয়ে ভারত এবং ভুটানের মধ্যে অংশীদারিত্ব, পৃষ্ঠপোষণ, বিনিময় এবং সবচেয়ে ভালো অভ্যাসকে আরও উন্নীত করবে। এই মৌ প্রযুক্তিগত, বিজ্ঞান বিষয়ক, ব্যবস্থাপনাগত দক্ষতা আরও জোরদার করবে এবং পরিবেশের ক্ষেত্রে সহযোগিতাকে আরও প্রসারিত করবে যা দুই পক্ষের পারস্পারিক উপকৃত হওয়াকে উন্নীত করতে সাহায্য করবে।

নিউদিল্লি

জুন ১৮, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.